

দৈনিক ইনকিলাব

তারিখ 1 JAN 1987... ..
পৃষ্ঠা... .. 4 কলাম 4... ..



01

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১০ মাসেও ডিগ্রী পরীক্ষার রেজাল্ট হয়নি

রাজশাহী, ১০ জানুয়ারী (সংবাদদাতা)।— রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বহু সংখ্যক কলেজের হাজার হাজার ছাত্র-ছাত্রী এক চরম বিপাকে পড়েছেন। এই বিশ্ববিদ্যালয়ের অধীনে সেশন অনুসারে ১৯৮৫ সালের ডিগ্রী (পাস) পরীক্ষা ১৯৮৬ সালের এপ্রিল মাসে অনুষ্ঠিত হয়েছে কিন্তু আজ প্রায় ১০ মাস হতে চললো, বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এখন পর্যন্ত উক্ত পরীক্ষার ফলাফল ঘোষণা করতে পারেননি। এমনিতেই রাজশাহী বিশ্ববিদ্যালয় অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চেয়ে ১ বছর পিছুটানে আছে। এই হিসেবে বহুদিন যাবৎ সংশ্লিষ্ট

বছরের পরীক্ষা তার পড়ের বছর অনুষ্ঠিত হয়ে আসছে, তার উপর আবার রেজাল্ট-এর জন্য পুরো একটা বছর বসে থাকতে হচ্ছে। এদিকে আবার ১৯৮৬ সালের পরীক্ষা ৮৭-এর প্রথম দিকে অনুষ্ঠিত হবার কথা এবং পরীক্ষার ফরম পূরণের তারিখ ডিসেম্বরের শেষ নাগাদ। এমতাবস্থায় যারা পরীক্ষায় ফেল করবেন তারা এবার পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন কি না এ দৃষ্টিভঙ্গি দিন কটাচ্ছেন। কর্তৃপক্ষের এহেন অবহেলা আর উদাসীনতার ফলে প্রতি বছর এ রকম কয়েক হাজার ছাত্র-ছাত্রী চরম অনিশ্চয়তায় ভুগে যাচ্ছেন।

DISTRICT PABNA
TEACHER